



আজ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নতুন সরকার গঠনের পর প্রথমবারের মতো জাতির উদ্দেশে আনুষ্ঠানিক ভাষণ দিতে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।
বুধবার (১৮ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টায় তিনি দেশের সামগ্রিক পরিস্থিতি, সরকারের পরিকল্পনা ও অগ্রাধিকার নিয়ে বক্তব্য রাখবেন বলে জানা গেছে।
ভাষণটি সরাসরি সম্প্রচার করবে বাংলাদেশ
টেলিভিশন (বিটিভি) ও বাংলাদেশ বেতার। পাশাপাশি দেশের সব বেসরকারি টেলিভিশন চ্যানেল এবং সামাজিক যোগাযোগমাধ্যমেও এটি একযোগে প্রচার করা হবে।
সরকারপ্রধানের এই প্রথম ভাষণ ঘিরে রাজনৈতিক অঙ্গনে ইতোমধ্যে ব্যাপক আগ্রহ তৈরি হয়েছে।

LENS ASIA